

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৬০

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮

০৬ জুন ২০২১

বিষয়: শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলাধীন সখিপুর ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা জনাব রহিমা বেগম (ইনডেক্স নং-১০৩২০১৫) এর বকেয়াসহ বেতন ভাতাদি ছাড়করণ সংক্রান্ত।

সূত্র: ১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৩১.০৪.০৯২.২০১৪.৫০

তারিখ-২৮.০৯.২০২০খ্রি.

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৬সি/৭৯-ম/২০০৬/৫৯৯ তারিখ-০৮.০৪.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলাধীন সখিপুর ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা জনাব রহিমা বেগমের (ইনডেক্স নং-১০৩২০১৫) এমপিও (Stop payment) স্থগিত হওয়ায় স্থগিতাদেশ-কে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট-এ রীট নং-২৪৪৭/২০১৪ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-২৪৪৭/২০১৪ এর রায় ও আদেশের বিরুদ্ধে আপিলের বিষয়টি প্রক্রিয়াধীন যা ২৪.০৫.২০১৮খ্রি. পত্র মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা হয়। বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ২০.০৯.২০২০খ্রি. তারিখ পর্যন্ত কোন আপীল মামলা দায়ের/রুজু করা হয়নি। এমপিও প্রদান সংক্রান্ত চূড়ান্ত কমিটির ১৭.০১.২০২১খ্রি. তারিখ অনুষ্ঠিত সভায় উপস্থাপন করা হলে রিট পিটিশন নং-২০৪৭/২০১৪ উল্লেখ করা হয়েছে।

২। এমতাবস্থায়, শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলাধীন সখিপুর ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা জনাব রহিমা বেগম (ইনডেক্স নং-১০৩২০১৫) কর্তৃক মহামান্য হাইকোর্ট-এ রীট পিটিশনের মামলার সঠিক নম্বর এবং আপিলের সর্বশেষ অবস্থা আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬-৬-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০ ৫০ ৯৯৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ইমেইল: law.section2@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৬০/১(৪)

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮

০৬ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৬-৬-২০২১  
মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব